ঠাকুরগাঁওয়ে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে যুব সমাবেশ ও র্যালি

শামসুল আলম, ঠাকুরগাঁও- নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশব্যাপী তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনের অংশ হিসেবে “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’’ এই শ্লোগান কে সামনে রেখে ঠাকুরগাঁওয়ে,আত্মকর্মী, যুব উদ্যোক্তা, যুব সংগঠন ও তারুণ্যের উদ্যোগে যুব সমাবেশ ও র্যালি অনুষ্ঠিত হয়েছে। আজ ৩০ জানুয়ারি সকালে র্যালি শেষে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে উক্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

ঠাকুরগাঁও জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ আয়োজনে ,সভায় অতিরিক্ত জেলা প্রসাশক সোলেমান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেব বক্তব্য দেন জেলা প্রসাশক ইসরাত ফারজানা, অতিরিক্ত জেলা প্রসাশক সোলেমান আলী, সিভিল সার্জন ডা: নুূর নেওয়াজ আহমেদ, যুব উন্নয়নের উপ-পরিচালক মোঃ মুনসুর রহমান খান, যুব উন্নয়নের সিনিয়র প্রশিক্ষক আখি আরা বেগম, ফারজানা সুলতানা ,সমন্বয়ক আরিফ হোসেন, আবদুল্লাহ আল সাফী,তাসফিরাতুন নুর,আত্ন কর্মী হিরা রায়, উদ্যোক্তা তাসিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রসাশক ইসরাত ফারজানা বলেন,যুবকরাই আমাদের আগামী দিনের ভবিষ্যৎ,তাই তিনি শিক্ষিত যুবকদের পড়ালেখার পাশাপাশি বা পড়ালেখা শেষ করে যুব উন্নয়নসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষন নিয়ে আত্মকর্মসংস্থানের চেষ্টা চালানোর কথা বলেন। এর জন্য সর্বাত্নাক তাদের পাশে থাকার কথা বলেন তিনি।